

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩, উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

www.prison.gov.bd



পত্র সংখ্যা-৫৮.০৪.০০০০.০২১.০৪.০১৯.২৩- ২০৬

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪৩০
২০ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়ঃ ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে পালনীয় কর্মসূচি।

বরাতঃ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, অনুষ্ঠান শাখার স্মারক নং-৪৩.০০.০০০০.১২৪.২৩.১৭৬.২১.০৯ তারিখ: ২২-২-২০২৩

উপর্যুক্ত বিষয় ও বরাতে উল্লিখিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে বিভাগীয় দপ্তর ও কারাগারসমূহে নিম্নোক্ত কর্মসূচি পালনের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

- ক। ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে সূর্যোদয়ের সাথে সাথে সকল দপ্তর ও কারাগারে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের মানসম্মত জাতীয় পতাকা অর্ধনির্মিত রাখা ;
- খ। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষ্যে ব্যানার প্রদর্শন (অধিদপ্তর কর্তৃক প্রেরিত নমুনা অনুযায়ী)। ব্যানার এর নমুনা আইসিটি সেল হতে সংগ্রহ করতে হবে;
- গ। কারা মসজিদে বাদ জোহর দোয়া ও মোনাজাত এবং অন্যান্য ধর্মাবলম্বনকারীদের জন্য সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা;
- ঘ। মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষ্যে শিশু-কিশোরদের নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া ও কবিতা পাঠ এর আয়োজন করা;
- ঙ। এছাড়া জেলা প্রশাসন কর্তৃক প্রণীত কর্মসূচীর সাথে সমন্বয় করে ভাষা শহিদদের স্মরণে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণসহ অন্যান্য কর্মসূচী পালন করা ;

২০. ২০২৪

শেখ সুজাউর রহমান

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে-কারা মহাপরিদর্শক

add.ig@prison.gov.bd

কারা উপমহাপরিদর্শক (ই-মেইল যোগে)

সকল বিভাগ

সকল সদর দপ্তর।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সিনিয়র জেল সুপার/ জেল সুপার, সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার। (ই-মেইল যোগে)
- ২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২ /বাজেট অফিসার/স্টাফ অফিসার/ ডেপুটি জেলার (প্রশাসন/ উন্নয়ন/আইন) পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল কারা অধিদপ্তর, ঢাকা। কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোডসহ ব্যানারের নমুনা সকল বিভাগীয় দপ্তর ও কারাগারসমূহে সরবরাহ করার জন্য বলা হলো।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট/কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক ও অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (স:দ) মহোদয়ের সদয় অবগতির জন্যে।